# মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
# MEGHNA LIFE INSURANCE CO. LTD.

সূত্রঃ মেঘনা লাইফ/প্রঃকাঃ/সিইও/ /২০২৩ তারিখঃ ০১ জানুয়ারী ২০২৩

## অফিস সার্কুলার

**বিষয়ঃ "বঙ্গবন্ধু শিক্ষা বীমা" চালুকরণ ও বিপণন প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৩৮.৫৭.৭৪.২২.৫২৭, তারিখ: ২৯/১১/২০২২ এর পত্রের মাধ্যমে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ "বঙ্গবন্ধু শিক্ষা বীমা" পরিকল্পটি সকল জীবন বীমাকারীর জন্য উন্মুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং সকল জীবন বীমা কোম্পানী/কর্পোরেশনকে পরিকল্পটি চালু করে ব্যাপকভাবে বাজারজাতকরণের নির্দেশনা প্রদান করেছে। এরই আলোকে মেঘনা লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পক্ষ হতে বিপণন কর্মকর্তা/কর্মীদের চাহিদা ও বিদ্যমান বাস্তবতার নিরীখে পরিকল্পটি চালুকরণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। সংশ্লিষ্ট সকলকে পরিকল্পটির বৈশিষ্ট্য, প্রিমিয়াম সারণি ও অবলিখন নীতিমালা নিজ নিজ ডিভিশনের মাধ্যমে সংগ্রহ করতে অনুরোধ করা যাচ্ছে।

**পরিকল্পটির নম্বর ও বিপণন শুরুর তারিখ নিম্নে উল্লেখ করা হল।**

| ক্রমিক নং | পরিকল্পের নাম | পরিকল্প নং | | পরিকল্পের অধীনে পলিসি বিপণন শুরুর তারিখ |
|---|---|---|---|---|
| | | একক বীমা, লোকবীমা ডিভিশনের ক্ষেত্রে | ইসলামী বীমা (তাকাফুল) ডিভিশনের ক্ষেত্রে | |
| ০১ | বঙ্গবন্ধু শিক্ষা বীমা | পরিকল্প নং ১৯ | পরিকল্প নং ৬৯ | ০১ জানুয়ারী ২০২৩ |

**"বঙ্গবন্ধু শিক্ষা বীমা" পরিকল্প এর বৈশিষ্ট্যসমূহ নিম্নে উল্লেখ করা হলো:**

| | |
|---|---|
| বীমাকৃত ব্যক্তি | : পিতা/মাতা/আইনগত অভিভাবক (যেকোনো একজন বীমাকৃত হবেন)। |
| বয়স | : শিক্ষার্থীদের ন্যূনতম বয়স ৩ বছর এবং সর্বোচ্চ ১৭ বছর। |
| বীমাকৃতের বয়স | : পিতা/মাতা/আইনগত অভিভাবকের ক্ষেত্রে ন্যূনতম বয়স ২৫ বছর। |
| মেয়াদ | : ন্যূনতম ১ বছর এবং সর্ব্বোচ্চ ১৭ বছর। |
| প্রিমিয়াম হার | : প্রতি ১০০ টাকা বৃত্তির জন্য বার্ষিক প্রিমিয়াম হার ১৭ টাকা। যেমন- বীমাকৃত ব্যক্তি যদি মাসিক উপবৃত্তি ৩০০ টাকা নিতে চায়, তাহলে বার্ষিক প্রিমিয়াম হবে ৫১ টাকা। একইভাবে ৫০০ টাকা মাসিক উপবৃত্তির জন্য বার্ষিক প্রিমিয়াম হার ৮৫ টাকা। |
| বৃত্তির পরিমাণ | : মাসিক বৃত্তির পরিমাণ সর্বনিম্ন ৫০০ টাকা ধরে পলিসি প্রদান করতে হবে, তবে বার্ষিক প্রিমিয়াম ৮৫ টাকার অধিক হলে মাসিক উপবৃত্তির পরিমাণও আনুপাতিক হারে বৃদ্ধি পাবে। |

**"বঙ্গবন্ধু শিক্ষা বীমা" পরিকল্প এর সুবিধাসমূহ**

ক. মৃত্যুজনিত সুবিধা (Death Benefit):

পলিসি মেয়াদের মধ্যে পলিসিগ্রাহকের মৃত্যু হলে নমিনিকে মাসিক ৫০০ টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। তবে বার্ষিক প্রিমিয়াম ৮৫ টাকার অধিক হলে মাসিক উপবৃত্তির পরিমাণও আনুপাতিক হারে বৃদ্ধি পাবে।

খ. দুর্ঘটনাজনিত সম্পূর্ণ এবং স্থায়ী অক্ষমতাজনিত সুবিধা (Accidental Permanent and Total Disability (APTD)): (বার্ষিক প্রিমিয়াম ৮৫ টাকা হিসাবে প্রদেয় আর্থিক সুবিধা বিবরণ)

| ক্রমিক নং | অঙ্গহানির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|---|
| ১. | উভয় চক্ষুর দৃষ্টিশক্তি নষ্ট হলে | মাসিক ৫০০ টাকা হারে বৃত্তি প্রদান করা হবে |
| ২. | কব্জির উপর থেকে উভয় হাত কাটা/খোয়া গেলে (Loss) | মাসিক ৫০০ টাকা হারে বৃত্তি প্রদান করা হবে |
| ৩. | গোড়ালির উপর থেকে উভয় পা কাটা/খোয়া গেলে (Loss) | মাসিক ৫০০ টাকা হারে বৃত্তি প্রদান করা হবে |
| ৪. | কব্জির উপর থেকে এক হাত এবং গোড়ালির উপর থেকে এক পা কাটা/খোয়া গেলে (Loss) | মাসিক ৫০০ টাকা হারে বৃত্তি প্রদান করা হবে |
| ৫. | এক চক্ষু এবং কব্জির উপর থেকে এক হাত নষ্ট/কাটা/খোয়া গেলে (Loss) | মাসিক ৫০০ টাকা হারে বৃত্তি প্রদান করা হবে |
| ৬. | এক চক্ষু এবং গোড়ালির উপর থেকে এক পা নষ্ট/কাটা/খোয়া গেলে (Loss) | মাসিক ৫০০ টাকা হারে বৃত্তি প্রদান করা হবে |

**স্বাস্থ্যগত ঘোষণা:**

বীমা পলিসির সাথে জড়িত নির্বাচিত স্কুল শিশুদের সকল পিতামাতার জন্য এই পলিসিটি বাধ্যতামূলক বলে স্বাস্থ্যগত ঘোষণার প্রয়োজন হবে না

**যে কারণে দাবীর টাকা প্রদেয় হবেনাঃ**

১. কভারেজের প্রথম বছরের মধ্যে আত্মহত্যার কারণে মৃত্যু এবং/অথবা স্ব-প্ররোচিত আঘাতের কারণে অক্ষমতা।

২. "এইডস" বা "এইডস" সম্পর্কিত রোগের কারণে মৃত্যু বা স্থায়ী এবং সম্পূর্ণ অক্ষমতা। এখানে "এইডস" বলতে "অ্যাকোয়ার্ড ইমিউন ডেফিসিয়েন্সি সিনড্রোম (AIDS)" বোঝানো হয়েছে।

৩. যুদ্ধ বা যুদ্ধের মতো অপারেশনের প্রত্যক্ষ বা পরোক্ষ কারণে মৃত্যু, স্থায়ী এবং সম্পূর্ণ অক্ষমতা, বা স্থায়ী এবং আংশিক অক্ষমতা। (যুদ্ধ ঘোষণা করা হোক বা না হোক) যে কোন ধরণের আক্রমন, বিদেশী শত্রুর আক্রমণ, শত্রুতা, বিদ্রোহ, দাঙ্গা, গৃহযুদ্ধ, বিদ্রোহজনিত কার্য, বিপ্লব, ষড়যন্ত্র, সামরিক বা ক্ষমতা হস্তগত, সামরিক আইন বা রাষ্ট্র অবরোধ, বা সামরিক আইন বা অবরোধের অবস্থা ঘোষণা বা রক্ষণাবেক্ষণ নির্ধারণ করে এমন কোনো ঘটনা বা কারণ।

৪. চক্রযান (গাড়ী/কার), ঘোড়া, নৌকা বা ওয়াটার স্কিইং রেসিং থেকে উদ্ভূত কোন ধরণের দাবী।

৫. কোনো আক্রমণ বা কোনো বেআইনি কাজ বা কোনো বেআইনি কার্যকলাপে জড়িত থাকার থেকে উদ্ভূত কোনো দাবি।

৬. আত্মহত্যা, আত্মহত্যার চেষ্টা বা ইচ্ছাকৃতভাবে স্ব-প্ররোচিত আঘাত, বীমাকৃত ব্যক্তি মানসিক রোগী বা উন্মাদ হলে।

৭. ঘোষিত বা অঘোষিত যুদ্ধ, ধর্মঘট, দাঙ্গা, গৃহযুদ্ধ, বিপ্লব বা অনুরূপ ধরণের কোন অপারেশন।

৮. ঘোষিত বা অঘোষিত যুদ্ধের সময় বা যুদ্ধকালীন অপারেশন বা জনশৃঙ্খলা পুনরুদ্ধারের আদেশের অধীনে সামরিক বা নৌ পরিষেবা।

৯. আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক গ্রেপ্তার।

১০. খুন বা হামলা বা যে কোন ঝগড়ায় অংশগ্রহণ।

১১. অপরাধমূলক যে কোন কাজে জড়িত থাকা।

১২. চক্রযানের (গাড়ী/কার) উপর দৌড়।

১৩. যেকোনো ধরণের হার্নিয়া।

১৪. গর্ভাবস্থা বা প্রসব।

১৫. অসুস্থতা, রোগ বা সংক্রমণ (সংক্রমণ ব্যতীত যা দুর্ঘটনাজনিত কাটা যা ক্ষতের সাথে এবং এর মাধ্যমে একই সাথে ঘটবে)।

১৬. বিষ, গ্যাস, বা ধোঁয়া (স্বেচ্ছায় বা অনিচ্ছাকৃতভাবে নেওয়া)।

১৭. অ্যালকোহল বা কোনো ড্রাগ দ্বারা বীমাকৃত ব্যক্তি প্রভাবিত হওয়ার সময় বা কারণে দুর্ঘটনা।

১৮. যাত্রী এভিয়েশন ক্ষতিপূরণ বিধানের অধীনে প্রদত্ত ব্যতীত যেকোনো ধরণের বিমান থেকে পরিষেবা, ভ্রমণ বা ফ্লাইট বা অবতরণ।

উল্লেখ্য, পলিসিটি গ্রুপবীমাভুক্ত পলিসি হিসাবে পরিগণিত হবে। পলিসির অনুকূলে কমিশন হার নিম্নরূপ-

| বিপণন প্রতিনিধির বিবরণ | কমিশন হার (মেয়াদ নির্বিশেষে) |
|---|---|
| এফ.এ | মোট প্রিমিয়ামের ৫% |
| ইউ.এম | মোট প্রিমিয়ামের ৩% |
| বি.এম | মোট প্রিমিয়ামের ২% |

কর্তৃপক্ষ প্রত্যাশা করে, নতুন পরিকল্প বিপণনের প্রেক্ষিতে উন্নয়ন কর্মকান্ডে ও পলিসি বিপণনে নিয়োজিত সকল কর্মী/কর্মকর্তাগণ কোম্পানীর বিপণন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে প্রিমিয়াম বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হবেন।

এ সার্কুলার অনতিবিলম্বে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

(এন. সি. রুদ্র)
মুখ্য নির্বাহী কর্মকর্তা

অনুলিপিঃ

০১) মাননীয় চেয়ারম্যান, ০২) সকল ডিএমডি,প্রঃকাঃ, ০৩) সকল ইভিপি, প্রঃকাঃ, ০৪) ইভিপি (আইটি)- মেঘনা লাইফ পোর্টালে সংযুক্ত করা যেতে পারে, ০৫) কোম্পানী সেক্রেটারী, ০৬) সকল এসভিপি/ভিপি-প্রঃকাঃ, ০৭) সকল ডিভিপি/এভিপি, প্রঃকাঃ, ০৮) সকল সেকশন ইনচার্জ, প্রঃকাঃ, ০৯) সকল এসজিএম/জিএম (প্রঃকাঃ) ১০) সকল সিঃডিজিএম/ডিজিএম (প্রঃকাঃ), ১১) সকল সেকশন ইনচার্জ (প্রঃকাঃ) ১২) মাষ্টার ফাইল।

বিতরণঃ

১. সকল জোনাল অফিস/কম্পোজিট সার্ভিস সেন্টার, ২. একক বীমা/লোকবীমা/ইসলামী বীমা (তাকাফুল), ৩. সকল অবলিখক - একক বীমা/ইসলামী বীমা/লোকবীমা,